আজকের কাগজ

তারিখ 14 MAY 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

68

# রাজবাড়ীসহ সারাদেশে স্যাটেলাইট শিক্ষা প্রকল্প ভেস্তে যেতে বসেছে

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে সহযোগিতার লক্ষ্যে সারাদেশে সরকার কর্তৃক গৃহীত স্যাটেলাইট বা সাধারণ শিক্ষা প্রকল্প জেলা পর্যায়ের কর্মকর্তাদের গাফিলতির কারণে ভেস্তে যেতে চলেছে। সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে ব্যাপক উদ্যোগ গ্রহণ করলেও অভিভাবকদের আর্থিক দৈন্যতার কারণে অনেক শিশুই প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় বিদ্যালয়ে পড়াশোনায় অনাগ্রহীদেরকে স্কুলে অধ্যয়নে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সরকার গ্রহণ করেছে স্যাটেলাইট বা সাধারণ শিক্ষা প্রকল্প। সরকার চলতি বছরের জানুয়ারি থেকে দেশের ৫টি বিভাগে ২শ' স্যাটেলাইট স্কুল চালুর উদ্যোগ গ্রহণ করে। ২ বছর মেয়াদী এ প্রকল্পের অধীনে প্রথম পর্যায়ে আওতাধীন এলাকার ব্যক্তি বিশেষের বৈঠকখানায়, স্থানীয় মসজিদ, মক্তব ও মাদ্রাসায় সর্বনিম্ন ২৫ জন ছাত্রের সমন্বয়ে শিক্ষাক্রম চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২য় বছরে দ্বি-কক্ষ বিশিষ্ট বিদ্যালয় নির্মাণ অথবা এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নৈশকালীন কার্যক্রম চালানোর জন্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশ রয়েছে। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে আওতাধীন এলাকায় ২ জন এসএসসি উত্তীর্ণ শিক্ষিকা নিয়োগের বিধান রয়েছে। প্রয়োজনে এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষককে প্রকল্পের তত্ত্বাবধায়ক করার সুপারিশ করা হয়েছে। নিয়োগকৃত শিক্ষিকাদের সান্ধ্যকালীন ২ ঘন্টা পাঠ দানের জন্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ থাকা সত্ত্বেও ৪ মাস অতিক্রান্ত হওয়ার পরও রাজবাড়ীসহ সারাদেশে এ প্রকল্প চালু করা সম্ভব হয়নি। রাজবাড়ী থেকে জহুরুল হক।